

WE ARE
MACMILLAN.
CANCER SUPPORT

'এক ঘণ্টার মধ্যে
তিন বা চারবার
পায়খানা করতে যাওয়ার
দরকার হওয়ার পর
আমি একজন ডাক্তার
দেখানোর সিদ্ধান্ত নিয়েছিলাম।'

John



প্রোস্টেট ক্যান্সারের লক্ষণসমূহ

পুরুষদের সবচেয়ে বেশি দেখা যাওয়া ক্যান্সার হলো প্রোস্টেট ক্যান্সার। যুক্তরাজ্যে প্রতি বছর 41,700 এরও বেশি পুরুষের প্রোস্টেট ক্যান্সার ধরা পড়ে। আপনি বেশি ঝুঁকিতে থাকবেন যদি আপনার বয়স হয় 50 বছরের বেশি, আপনি জাতিগতভাবে আফ্রিকান ক্যারিবিয়ান বা আফ্রিকান হয়ে থাকেন, অথবা আপনার বাবা বা ভাইয়ের প্রোস্টেট ক্যান্সার হয়ে থাকে।

কোন পরিবর্তনগুলোর দিকে খেয়াল রাখতে হবে এবং কখন আপনার ডাক্তারকে দেখাতে হবে তা জানাটা সত্যিকারের পরিবর্তন আনতে পারে। আপনার লক্ষণ দেখা দিলে ভয় পাবেন না - সেগুলো পরীক্ষা করিয়ে নিন।

আপনার এই সব লক্ষণগুলোর মধ্যে কোনোটি থাকলে আপনার ডাক্তারকে দেখান:

- প্রস্রাব করা শুরু করতে সমস্যা হলে।
- প্রস্রাব ধীরে ধীরে বের হলে।
- জরুরিভাবে প্রস্রাব করার তাড়া দেখা দিলে।
- ঘন ঘন প্রস্রাব করার দরকার হলে, বিশেষ করে রাতের বেলায়।

এই লক্ষণগুলোর এক বা একাধিকটি থাকলে তা সাধারণত আপনার প্রোস্টেট ক্যান্সার আছে বলে বোঝায় না - প্রায় সময়েই অন্যান্য কারণে এই লক্ষণগুলো দেখা দিয়ে থাকে।

কিন্তু যদি আপনার লক্ষণগুলো থাকে, সেগুলো উপেক্ষা করবেন না - আপনার ডাক্তারকে দেখান। যদি আপনার ক্যান্সার থাকে, তাহলে এটা যত আগে ধরা পড়বে তত ভালো।

© ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, জুলাই 2014. 1st সংস্করণ। MAC13693_PROSTATE_BENGALI. পরবর্তী পর্যালোচনার জন্য পরিকল্পিত সময়সূচি: 2017. ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, ইংল্যান্ড ও ওয়েলস (261017), স্কটল্যান্ড, (SC039907) এবং আয়েল অব ম্যান (604)-এ নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান। টেকসই সামগ্রী ব্যবহার করে মুদ্রিত। অনুগ্রহ করে রিসাইকেল করুন।

আপনার লক্ষণগুলো পরীক্ষা করানোর মাধ্যমে আপনি আপনার ডাক্তারের সময় নষ্ট করছেন না।

প্রোস্টেট ক্যান্সার যত আগে ধরা পড়বে, সাফল্যের সাথে চিকিৎসা করানোর সম্ভাবনা তত বেড়ে যাবে।

যদি আপনার সহায়তার প্রয়োজন হয় অথবা শুধু কথা বলার জন্য কাউকে চান, তাহলে ম্যাকমিলান-এর সাথে বিনামূল্যে **0808 808 00 00** নম্বরে কথা বলুন অথবা দেখুন macmillan.org.uk

